

# তিন-বছর- বয়স্কদের কিণ্ডারগার্টেন

বড় স্বপ্ন দেখতে, আমাদের  
শিশুদের জীবনে শ্রেষ্ঠ  
সূচনার প্রয়োজন

3-YEAR-OLD KINDER

Best Start

Best Life



ভিক্টোরীয় সরকার সর্বজনীন অর্থ বরাদ্দে এক দশক সময়কালে তিন-বছর-বয়স্কদের কিগোরগার্টেন প্রবর্তনের জন্য প্রায় \$5 বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে – এবং তা এখন স্টেটব্যাপী পাওয়া যায়।

এর অর্থ ভিক্টোরীয় শিশুদের জন্য শেখার, বেড়ে উঠার, খেলাধুলার এবং বন্ধু বানানোর আর একটি বছর।

তিন বছর বয়স থেকে উচ্চ মানের কিগোরগার্টেন কার্যক্রমে অংশগ্রহণ শিশুদের শিক্ষা, ক্রমবিকাশ, স্বাস্থ্য এবং মঙ্গলজনক ফলাফল জোরদার করে।

**ছোট শিশুরা খেলাধুলার মধ্য দিয়ে তাদের চার পাশের জগৎ সম্বন্ধে শিক্ষা লাভ করে।**

শিশুরা যেভাবে সবচেয়ে ভাল শেখে তা হলো খেলাধুলা-ভিত্তিক। এটা তাদেরকে তাদের কল্পনাশক্তির ব্যবহার,

ভাষার দক্ষতা গড়ে তোলার এবং সংখ্যা ও নকশা সম্বন্ধে শেখার সুযোগ দেয়। কিভাবে অন্যদের সঙ্গে মানিয়ে চলা, ভাগাভাগি করা, মন দিয়ে শোনা এবং আবেগ সামলানো যায় তারা তাও শেখে।

**সকল ভিক্টোরীয় শিশুরাই দুই বছর অর্থ বরাদ্দকৃত কিগোরগার্টেনে যেতে পারে**

স্টেটব্যাপী ভিক্টোরীয় শিশুরা 2022 সাল থেকে প্রতি সপ্তাহে অন্তত পাঁচ ঘণ্টা অর্থ বরাদ্দকৃত কিগোরগার্টেন কার্যক্রমের সুবিধা পাবে। 2029 সাল থেকে সময় বাড়িয়ে প্রতি সপ্তাহে 15 ঘণ্টা করা হবে।

**আপনার শিশু যে কোন স্থানে কিগোরগার্টেনে যাক না কেন, শিক্ষক-শিক্ষিকাগণ এবং প্রশিক্ষিত শিক্ষাব্রতীগণ কার্যক্রম পরিচালনা করবেন**

শিশুরা কিগোরগার্টেন কার্যক্রমে যেতে পারে হয় সারা দিনের যত্ন (শিশু যত্ন) পরিষেবায় নাহয় স্বতন্ত্র কিগোরগার্টেনে।

**ছোট শিশুরা খেলাধুলার মধ্য দিয়ে জগৎ সম্বন্ধে শিক্ষা লাভ করে**

তারা শেখে কিভাবে অন্যদের সঙ্গে মানিয়ে চলা, ভাগাভাগি করা, মন দিয়ে শোনা এবং আবেগ সামলানো যায়

কোন কিগোরগার্টেন কার্যক্রমে, শিশুরা খেলাধুলাকে **ভাষার দক্ষতা** গড়ে তুলতে এবং **সংখ্যা ও নকশা** সম্বন্ধে শিখতে ব্যবহার করে

শিক্ষক-শিক্ষিকাগণ এবং শিক্ষাব্রতীগণ শিশুদেরকে শিক্ষার বিষয়ে **কৌতূহলী, সৃজনশীল এবং আত্মবিশ্বাসী** হতে সাহায্য করেন

## কিওয়ারগার্টেন কার্যক্রম বিভিন্ন বিন্যাসের মাধ্যমে দান করা যেতে পারে

<b>স্বতন্ত্র কিওয়ারগার্টেন</b>	<b>কিওয়ারগার্টেন কার্যক্রম</b> শিশুরা নির্দিষ্ট দিন ও ঘণ্টার জন্য কিওয়ারগার্টেন কার্যক্রমে অংশগ্রহণ করে
<b>সারা দিনের যত্ন পরিষেবা</b>	<b>কিওয়ারগার্টেন কার্যক্রম</b> শিশুরা তাদের সারা দিনের যত্নের অংশ হিসাবে কিওয়ারগার্টেন কার্যক্রমে অংশগ্রহণ করে
	<b>শিক্ষা এবং যত্ন</b> সারা দিনের যত্ন পরিষেবা 0 থেকে 6 বছর বয়সের শিশুদেরকে শৈশব শুরুকালীন শিক্ষা ও যত্ন দান করে

সব অর্থ বরাদ্দকৃত কিওয়ারগার্টেনের কার্যক্রম অবশ্যই সরকারি নিরাপত্তা ও উচ্চমানের নির্দেশাবলী পালন করবে এবং ভিক্টোরীয় প্রাথমিক বছরের শিক্ষা ও ক্রমবিকাশ কাঠামোর (Victorian Early Years Learning and Development Framework) সঙ্গে সঙ্গতিপূর্ণ হবে।

সারা দিনের যত্ন দানের কোন কেন্দ্র কিওয়ারগার্টেনের কার্যক্রমসহ সম্পূর্ণ দিনের জন্য শিক্ষা ও যত্ন দান করতে পারে। শিক্ষক-শিক্ষিকা পরিচালিত কিওয়ারগার্টেনের কার্যক্রম অতিরিক্ত সময়ের শিক্ষা ও যত্নের সঙ্গে সমন্বিত করা হয়। স্বতন্ত্র পরিষেবায়, কিওয়ারগার্টেনের কার্যক্রম শুধুমাত্র কোন বিশেষ দিনে ও নির্দিষ্ট সময়ে চলবে। এই দিনক্ষণগুলি কিওয়ারগার্টেন পরিষেবা নির্ধারণ করে।

**কোথায় আপনার শিশুকে পাঠাবেন তা আপনার সমাজে কোন কোন পরিষেবা আছে, এবং আপনার পরিবার ও শিশুর জন্য কী সবচেয়ে উপযোগী তার উপর নির্ভর করতে পারে**

**কোন শিশুকে সর্বজনীন অর্থ বরাদ্দে তিন-বছর-বয়স্কদের কিওয়ারগার্টেনে ভর্তি করা**

আপনার স্থানীয় কিওয়ারগার্টেন পরিষেবার সঙ্গে তাদের ভর্তির পদ্ধতি ও সময়রেখা সম্বন্ধে কথা বলুন, এবং তাদের কেন্দ্র ও কর্মচারীদের সঙ্গে দেখা করুন। আপনার স্থানীয় কিওয়ারগার্টেন খুঁজে পেতে এবং কিভাবে সঠিক পরিষেবা পছন্দ করবেন সে-তথ্যের জন্য, দেখুনঃ

[education.vic.gov.au/choose-kinder](http://education.vic.gov.au/choose-kinder)

উচ্চ মানের কিওয়ারগার্টেন পরিষেবা পছন্দ করা শিশুর কিওয়ারগার্টেনে কাটানো সময়ে সবচেয়ে ভাল সুফল পাওয়া নিশ্চিত করবে। আপনি পরিষেবা মানের গুণনির্দেশ [www.startingblocks.gov.au](http://www.startingblocks.gov.au) তে যেয়ে দেখতে পারেন।

**সর্বজনীন অর্থ বরাদ্দে তিন-বছর-বয়স্কদের কিওয়ারগার্টেন কখন শুরু করতে হবে**

অধিকাংশ পরিষেবার ভর্তির পদ্ধতি আছে যা শিশুর কিওয়ারগার্টেন কার্যক্রম শুরু করার আগের বছরে খোলা হয়, সুতরাং আপনার শিশুর বয়স দুই বছর হলেই আপনার তার ভর্তির কথা ভাবতে হবে।

জানুয়ারি এবং এপ্রিলের মধ্যে জন্ম হওয়া শিশুদের পরিবারবর্গ ও তত্ত্বাবধানকারীগণ কোন বছর সর্বজনীন অর্থ বরাদ্দে তিন-বছর-বয়স্কদের কিওয়ারগার্টেন শুরু করবেন তা পছন্দ করতে পারেন। পরিবারবর্গ তাঁদের শিশুদের ভর্তিকরা স্কুল শুরুর বয়সের সঙ্গে সঙ্গতির জন্য পরবর্তী বছরে পছন্দ করতে পারেন, যখন অন্য শিশুরা তাদের শুরুর জন্য দুই বছর বয়সী হবে।

1 জানুয়ারি এবং 30 এপ্রিলের মধ্যে জন্ম হওয়া শিশুরা তিন-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেনে যেতে পারে হয় যে বছরে তারা তিন বছর বয়সী নাহয় যে বছরে তারা চার বছর বয়সী হয়।

শিশুরা তিন বছরের বয়সী না হওয়া পর্যন্ত সে কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে না যেখানে শিক্ষাদাতা ও শিশুর অনুপাত দুই বছর বয়সের শিশুদের পরিষেবা পূরণ করতে অক্ষম।

1 মে এবং 31 ডিসেম্বরের মধ্যে জন্ম হওয়া শিশুরা তিন-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেনে যাওয়ার যোগ্য হয় মাত্র যে বছর তাদের বয়স চার বছর হয় এবং চার বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেনে যে বছর তাদের বয়স পাঁচ বছর হয়।

## কিণ্ডারগার্টেন শুরু করার বয়স

যে তারিখে শিশুর জন্ম	মন্তব্য	2020	2021	2022	2023	2024
21 ডিসেম্বর 2016 – 30 এপ্রিল 2017	2022 বা 2023 সালে পরিবারবর্গের স্কুল শুরু করার পছন্দ আছে	3-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেন	4-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেন	প্রস্তুতি	গ্রেড 1	গ্রেড 2
			3-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেন	4-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেন	প্রস্তুতি	গ্রেড 1
1 মে – 20 ডিসেম্বর 2017			3-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেন	4-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেন	প্রস্তুতি	গ্রেড 1
21 ডিসেম্বর – 30 এপ্রিল 2018	2023 বা 2024 সালে পরিবারবর্গের স্কুল শুরু করার পছন্দ আছে		3-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেন	4-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেন	প্রস্তুতি	গ্রেড 1
				3-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেন	4-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেন	প্রস্তুতি
1 মে – 20 ডিসেম্বর 2018*				3-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেন	4-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেন	প্রস্তুতি

ডিসেম্বরের তারিখ সরকারি স্কুলের শেষ টার্ম 4। কোন পরিবারের পছন্দনীয় স্কুলের শেষ টার্ম, টার্ম 4-এর শেষ দিন আগে হলে, সেই দিন ব্যবহার করতে হবে।

## তিন-বছর-বয়স্কদের কিণ্ডারগার্টেন সম্বন্ধে আরও প্রশ্নের ব্যাপারে কে সাহায্য করতে পারে

- আপনার কিণ্ডারগার্টেন পরিষেবা বা প্রদানকারী, সারা দিনের যত্ন পরিষেবাসহ
- আপনার স্থানীয় কাউন্সিল বা মাতা ও শিশু স্বাস্থ্য নার্স
- স্বাস্থ্য বিভাগ Department of Health (DH) পেরেন্টলাইনকে 13 22 89 নম্বরে ফোন করুন
- [3yo.kindergarten@education.vic.gov.au](mailto:3yo.kindergarten@education.vic.gov.au) কে ইমেইল পাঠান

[www.vic.gov.au/kinder](http://www.vic.gov.au/kinder) দেখুন

